



IRIS GROUP

Zirani, Kashimpur, Joydevpur, Gazipur

বল প্রয়োগমূলক শ্রম নীতিমালা (Forced Labor Policy)

আইরিশ কর্তৃপক্ষ বিশ্বাস করে যে, কর্মক্ষেত্রের পরিবেশ হওয়া উচিত সম্পূর্ণভাবে বলপ্রয়োগ মূলক শ্রম মুক্ত। কর্তৃপক্ষের উদ্দেশ্য হলো প্রতিষ্ঠানে কর্মরত সকল শ্রমিকদের মর্যাদার প্রতি লক্ষ্য রেখে সম্পূর্ণ বল প্রয়োগ কর্মপরিবেশ সৃষ্টি করা।

বল প্রয়োগমূলক শ্রম বলতে বুঝায় কোন শ্রমিকের ইচ্ছার বিরুদ্ধে তাকে দিয়ে কাজ করানো। কর্তৃপক্ষ বলপ্রয়োগমূলক কোন কার্যক্রমকে প্রণয় দেয় না। কর্তৃপক্ষ সব সময় তাদের কর্মক্ষেত্রের পরিবেশকে বল প্রয়োগমূলক শ্রম মুক্ত রাখতে বদ্ধ পরিকর। এই ধারাবাহিকতা বজায় রাখতে কর্তৃপক্ষ নিম্নোক্ত নীতিমালা অনুসরণ করে থাকে :

- প্রতিষ্ঠানের যে কোন স্থানে বল প্রয়োগমূলক শ্রম সম্পূর্ণ নিষিদ্ধ।
- কর্তৃপক্ষ কোন শ্রমিককে তাদের ইচ্ছার বিরুদ্ধে কর্মে নিয়োগ করে না।
- কর্তৃপক্ষ কোন বন্দি শ্রমিককে প্রতিষ্ঠানে নিয়োগ করে না বা এ ধরনের নিয়োগকে সমর্থন করে না।
- নিয়োগের পর জোর পূর্বক কাহারো সাথে কোন লিখিত চুক্তি করে না।
- চাকুরীতে নিয়োগের সময় বা চাকুরীরত থাকা অবস্থায় যোগ্যতা মূল দলিল বা অন্য কোন সরকারী কাগজ পত্র জমা নেয় না।
- কর্তৃপক্ষ বিশ্বাস করে অতিরিক্ত কাজ স্বেচ্ছাধীন। শ্রমিকের সম্মতি থাকলে তাকে দিয়ে অতিরিক্ত সময় কাজ করানো হয়।
- কর্তৃপক্ষ নিয়োগের ক্ষেত্রে কোনপ্রকার টাকা পয়সা বা লেনদেন সমর্থন করেন। যদি কেউ বলপ্রয়োগমূলক শ্রমের স্বীকার হয়, তবে সে নিম্নোক্ত পদ্ধতিতে অভিযোগ করতে পারবে-
 - ❖ অভিযোগ ও পরামর্শ বক্শের মাধ্যমে।
 - ❖ অংশগ্রহণকারী কমিটির সদস্যদের মাধ্যমে তাদের অভিযোগ কর্তৃপক্ষকে জানাতে হবে।
 - ❖ সরাসরি শ্রম কল্যাণ কর্মকর্তা বা মানব সম্পদ কর্মকর্তার নিকট তথ্য প্রদান করা যেতে পারে,
 - ❖ এছাড়াও কারখানার হট নাম্বারেও অভিযোগ করতে পারবে উপরোক্ত ক্ষেত্রে অভিযোগকারীর গোপনীয়তা রক্ষা করা হবে।

কর্তৃপক্ষ বিশ্বাস করে যে, প্রতিষ্ঠানে কর্মরত সকল শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তা উপরোক্ত নীতিমালা মানিয়া চলিবে। যদি কেউ উক্ত নীতিমালা ভঙ্গ করে তবে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করবে। কর্তৃপক্ষ উপরোক্ত নীতিমালা মানিয়া চলিতে সকলের সহযোগীতা কামনা করে।

উক্ত নীতিমালা আইরিশ গ্রুপ এর সকল কারখানার জন্য প্রযোজ্য হবে।